

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ  
প্রশাসন শাখা-৩  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.Legislativediv.gov.bd](http://www.Legislativediv.gov.bd)

নং-৫৫.০০.০০০০.১০৭.১২.০১৬.১১ (অংশ-১)-৮৪

তারিখ: ২১/০৬/২০১৮ খ্রি:।

**প্রজ্ঞাপন**

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের ০৭-০২-২০১৮ খ্রি: তারিখের ৮০.০০.০০০০.৩০১ (গোপনীয়).১১.২১৫৮.১৭-২৮ নং পত্রের সুপারিশের ভিত্তিতে নিম্নবর্ণিত ০১ (এক) জন প্রার্থীকে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১০ম গ্রেডে (বেতন স্কেল ১৬,০০০-৩৮,৬৪০/- টাকা) অস্থায়ী ভিত্তিতে নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এ বিভাগের ব্যক্তিগত কর্মকর্তা পদে নিয়োগ প্রদান করা হলোঃ

ক্রমিক নং	নাম	জেলা	রেজিঃ নং
(১)	মোঃ আসাদুজ্জামান	বরগুনা	০০১৪১৫

**শর্তাবলীঃ**

- (ক) যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে;
- (খ) বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ এর বিধি ৬(১)(ক) অনুযায়ী অস্থায়ী ভিত্তিতে নিয়োগপ্রাপ্ত ব্যক্তিগত কর্মকর্তা ০২ (দুই) বছর শিক্ষানবিস হিসেবে কাজ করবেন;
- (গ) একই বিধিমালার বিধি ৬(২)(ক) অনুযায়ী শিক্ষানবিস থাকাকালে তাঁর আচরণ এবং কর্ম সন্তোষজনক বলে বিবেচিত না হলে কর্তৃপক্ষ তাঁর চাকরির অবসান ঘটাতে পারবে;
- (ঘ) শিক্ষানবিসের মেয়াদ সন্তোষজনকভাবে পূর্ণ হওয়ার পর অন্যান্য শর্তাদি পূরণ সাপেক্ষে তাঁর চাকরি স্থায়ী করা হবে;
- (ঙ) নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে সরকারের প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক নির্ধারিত বিধি-বিধান প্রযোজ্য হবে;
- (চ) চাকরিতে যোগদানের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা করা হবে না।


০২। উপরিউক্ত শর্তাবলীর আওতায় চাকরিতে যোগদানে সম্মত হলে আগামী ১৫/০৭/২০১৮ খ্রি: তারিখের মধ্যে সিনিয়র সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

০৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,  
স্বাঃ/-  
(কাজী আরিফুজ্জামান)  
যুগ্মসচিব (প্রশাসন)  
ফোনঃ ৯৫৭০৬৫১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

- ০১। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা।
- ০২। সচিব, সুরক্ষা ও সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। পরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (তাকে প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে মুদ্রণের জন্য অনুরোধসহ)
- ০৪। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
- ০৬। হিসাব রক্ষণ কর্মকর্তা, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
- ✓ ০৭। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৮। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
- ০৯। উপসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
- ১০। জনাব মোঃ আসাদুজ্জামান, প্রযুক্তি: মোঃ জহিরুল ইসলাম (অডিট অফিসার), ব্যানবেইজ ভবন, নিউমার্কেট, লালবাগ, ঢাকা।
- ১১। অফিস কপি।

  
(মোঃ আনিছুন নবী)  
সহকারী সচিব (প্রশাসন-৩)